# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

তত্ত্বাবধায়ক প্রকৌশলী(পুর) কার্যালয়
মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর
পানি ভবন, লেভেল-১,
৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫,
ফোনঃ ০২-২২২২৩০১৩০।

www.bwdb.gov.bd

Office of The Superintending Engineer
Directorate of
Human Resource Development
Pani Bhaban, Level-1,
72 Green Road, Dhaka-1205.
e-mail: dir.staff.bwdb@gmail.com

স্মারক নং- ৪২.০১.০০০০.০৩০.৪০.০০১.২৬-৬৭৬;

তারিখঃ ১১ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ।
২৫ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ।

## দপ্তরাদেশ

অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের স্মারক নং-০৭.০০.০০০০.১২৮.৪২.০১৪ (অংশ-১).১১-৭২, তারিখঃ ১২-১০-২০২০ খ্রি. এবং পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৪২.০০.০০০০.০৩১.১১.০২৫.১৬-৩১৩ তারিখঃ ১৯-১০-২০২০ খ্রি. মোতাবেক প্রাপ্ত সম্মতির প্রেক্ষিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের গুরুত্বপূর্ণ স্থাপনা (KPI), দপ্তর, সম্পত্তি এবং মালামাল রক্ষার জন্য নিয়োক্ত শর্ত সাপেক্ষে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদনক্রমে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত ২০২৬-২৭ অর্থ বছরে নিম্নে বর্ণিত দপ্তরের অনুকূলে নিম্নরুপভাবে আনসার নিয়োজিত/পুনঃনিয়োজিত/অঙ্গীভূতকরণের (Embodiment) অনুমতি প্রদান করা হলোঃ

| ক্রঃ নং | ঘোষিত কেপিআই ও অন্যান্য গুরুত্বপূর্ণ স্থাপনার নাম/ দপ্তরের নাম | কেপি আই শ্রেণী | ২০২৬-২৭ অর্থ বছরের জন্য অনুমোদিত আনসারের সংখ্যা | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | পিসি | এপিসি | আনসার | মোট |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১. | কুমিরা রেগুলেটর, সীতাকুন্ড, চট্টগ্রাম।<br>চট্টগ্রাম পানি উন্নয়ন বিভাগ-২, বাপাউবো, চট্টগ্রাম। | - | ০ | ১ | ১০ | ১১ |
| ২. | পেকুয়া রাবার ড্যাম, কক্সবাজার।<br>বান্দরবান পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, বান্দরবান। | - | ০ | ১ | ৬ | ৭ |
| ৩. | গড়াই পিয়ার রেগুলেটর, কুড়িগ্রাম।<br>কুড়িগ্রাম পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, কুড়িগ্রাম। | - | ০ | ১ | ৬ | ৭ |
| ৪. | হরিছড়ি রেগুলেটর, চিলমারী, কুড়িগ্রাম।<br>কুড়িগ্রাম পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, কুড়িগ্রাম। | - | ০ | ১ | ৬ | ৭ |
| ৫. | চিলমারী রেগুলেটর, কুড়িগ্রাম।<br>কুড়িগ্রাম পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, কুড়িগ্রাম। | - | ০ | ১ | ৬ | ৭ |
| ৬. | মালডাংগা রেগুলেটর, কুড়িগ্রাম।<br>কুড়িগ্রাম পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, কুড়িগ্রাম। | - | ০ | ১ | ৬ | ৭ |
| ৭. | যাত্রাবাড়ীস্থ বাপাউবো'র স্থাপনা সমূহ।<br>ঢাকা পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, ঢাকা। | - | ১ | ০ | ১৯ | ২০ |
| ৮. | চট্টগ্রামস্থ বাপাউবো অফিস কম্পাউন্ড।<br>চট্টগ্রাম পানি উন্নয়ন বিভাগ-১, বাপাউবো, চট্টগ্রাম। | - | ১ | ০ | ২০ | ২১ |
| ৯. | মৌলভীবাজারস্থ বাপাউবো অফিস কম্পাউন্ড।<br>মৌলভীবাজার পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, মৌলভীবাজার। | - | ০ | ১ | ৫ | ৬ |
| ১০. | অধুনালুপ্ত বিআরই (বিশেষায়িত) পওর অফিস কম্পাউন্ড।<br>সিরাজগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, সিরাজগঞ্জ। | - | ০ | ১ | ৫ | ৬ |
| ১১. | জামালপুর বাপাউবো অফিস কম্পাউন্ড ।<br>জামালপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, জামালপুর। | - | ০ | ১ | ৬ | ৭ |

| ক্রঃ নং | ঘোষিত কেপিআই ও অন্যান্য গুরুত্বপূর্ণ স্থাপনার নাম/ দপ্তরের নাম | কেপিআই শ্রেণী | ২০২৬-২৭ অর্থ বছরের জন্য অনুমোদিত আনসারের সংখ্যা | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | পিসি | এপিসি | আনসার | মোট |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১২. | তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দপ্তর, ময়মনসিংহ পওর বিভাগীয় দপ্তর ও পরিদর্শন বাংলো।<br>ময়মনসিংহ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, ময়মনসিংহ। | - | ১ | ০ | ১৯ | ২০ |
| ১৩. | গাইবান্ধা পানি উন্নয়ন বিভাগ এর আওতাধীন দপ্তর।<br>গাইবান্ধা পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, গাইবান্ধা। | - | ০ | ১ | ৭ | ৮ |
| ১৪. | বাহাদূরাবাদস্থ (কুলকান্দি) ফ্যাপ-২১ ট্রেনিং ক্যাম্প।<br>জামালপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, জামালপুর। | - | ০ | ১ | ৫ | ৬ |
| ১৫. | ভেড়ামারাস্থ অফিস কম্পাউন্ড।<br>ভেড়ামারা পানি উন্নয়ন (সেচাগার) বিভাগ, বাপাউবো, কুষ্টিয়া। | - | ০ | ১ | ১২ | ১৩ |
| ১৬. | রাজশাহীস্থ বাপাউবো অফিস কম্পাউন্ড।<br>রাজশাহী পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, রাজশাহী। | - | ০ | ১ | ১০ | ১১ |
| ১৭. | সিলেটস্থ বাপাউবো অফিস কম্পাউন্ড।সিলেট পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, সিলেট। | | ০ | ১ | ১০ | ১১ |
| ১৮. | ডালিয়াস্থ বাপাউবো অফিস কম্পাউন্ড।<br>ডালিয়া পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, নীলফামারী। | - | ০ | ১ | ১০ | ১১ |
| ১৯. | কুমিল্লাস্থ বাপাউবো অফিস কম্পাউন্ড।<br>কুমিল্লা পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, কুমিল্লা। | - | ১ | ০ | ১৫ | ১৬ |
| ২০. | কুষ্টিয়াস্থ বাপাউবো অফিস কম্পাউন্ড।<br>কুষ্টিয়া পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, কুষ্টিয়া। | - | ১ | ০ | ১৭ | ১৮ |
| ২১. | পাবনাস্থ বাপাউবো অফিস কম্পাউন্ড।<br>পাবনা পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, পাবনা। | - | ০ | ১ | ৭ | ৮ |
| ২২. | ফেনীস্থ বাপাউবো অফিস কম্পাউন্ড।<br>ফেনী পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, ফেনী। | - | ১ | ০ | ১৯ | ২০ |
| ২৩. | নোয়াখালী জেলার সোনাপুরস্থ বাপাউবো অফিস কম্পাউন্ড।<br>নোয়াখালী পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, নোয়াখালী। | - | ০ | ১ | ৫ | ৬ |
| ২৪. | চাঁপাইনবাবগঞ্জস্থ বাপাউবো অফিস কম্পাউন্ড।<br>নবাবগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, চাঁপাইনবাবগঞ্জ। | - | ০ | ১ | ৫ | ৬ |
| ২৫. | খুলনার নূরনগরস্থ বাপাউবো অফিস কম্পাউন্ড ও ডুমুরিয়া বাপাউবো'র স্থাপনা সমূহ।<br>খুলনা পানি উন্নয়ন বিভাগ-১, বাপাউবো, খুলনা। | - | ০ | ১ | ৬ | ৭ |
| ২৬. | নরসিংদী বাপাউবো অফিস কম্পাউন্ড।<br>নরসিংদী পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, নরসিংদী। | - | ০ | ১ | ৬ | ৭ |
| ২৭. | চাঁদপুর বাপাউবো অফিস কম্পাউন্ড।<br>চাঁদপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, চাঁদপুর। | - | ০ | ১ | ১৩ | ১৪ |
| ২৮. | উত্তরাঞ্চলীয় পরিমাপ বিভাগীয় দপ্তর ও রেস্ট হাউজ,<br>উত্তরাঞ্চলীয় পরিমাপ বিভাগ, বাপাউবো, পাবনা। | - | ০ | ১ | ৫ | ৬ |
| ২৯. | যশোর বাপাউবো অফিস কম্পাউন্ড।<br>যশোর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, যশোর। | - | ০ | ১ | ৮ | ৯ |
| ৩০. | লক্ষীপুর বাপাউবো অফিস কম্পাউন্ড।<br>লক্ষীপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, লক্ষীপুর। | - | ০ | ১ | ৬ | ৭ |
| ৩১. | নড়াইল বাপাউবো অফিস কম্পাউন্ড।<br>নড়াইল পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, নড়াইল। | - | ০ | ১ | ৯ | ১০ |
| ৩২. | ঠাকুরগাঁও বাপাউবো অফিস কম্পাউন্ড।<br>ঠাকুরগাঁও পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, ঠাকুরগাঁও। | - | ০ | ১ | ৯ | ১০ |
| ৩৩. | পঞ্চগড় বাপাউবো অফিস কম্পাউন্ড।<br>পঞ্চগড় পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, পঞ্চগড়। | - | ০ | ১ | ৬ | ৭ |

| ক্রঃ নং | ঘোষিত কেপিআই ও অন্যান্য গুরুত্বপূর্ণ স্থাপনার নাম/ দপ্তরের নাম | কেপিআই শ্রেণী | ২০২৬-২৭ অর্থ বছরের জন্য অনুমোদিত আনসারের সংখ্যা | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | পিসি | এপিসি | আনসার | মোট |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ৩৪. | সাতক্ষীরা পানি উন্নয়ন বিভাগ-১ ও ২ এর দপ্তর এবং পরিদর্শন বাংলো । সাতক্ষীরা পানি উন্নয়ন বিভাগ-১, বাপাউবো, সাতক্ষীরা। | - | ১ | ০ | ১৫ | ১৬ |
| ৩৫. | ঝালকাঠি পানি উন্নয়ন বিভাগ এর আওতাধীন দপ্তর। ঝালকাঠি পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, ঝালকাঠি। | - | ০ | ১ | ৫ | ৬ |
| ৩৬. | লালমনিরহাট পানি উন্নয়ন বিভাগ এর আওতাধীন দপ্তর , লালমনিরহাট পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, লালমনিরহাট। | - | ০ | ১ | ৫ | ৬ |
| ৩৭. | বেড়া পানি উন্নয়ন বিভাগ এর আওতাধীন দপ্তর । বেড়া পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, বেড়া, পাবনা । | - | ০ | ১ | ৫ | ৬ |
| ৩৮. | চট্টগ্রাম যাস বিভাগ এর আওতাধীন মদুনাঘাট দপ্তর। চট্টগ্রাম যাস বিভাগ, বাপাউবো, চট্টগ্রাম। | - | ০ | ১ | ৭ | ৮ |
| ৩৯. | চট্টগ্রাম যাস বিভাগ এর আওতাধীন কাপ্তাই দপ্তর। চট্টগ্রাম যাস বিভাগ, বাপাউবো, চট্টগ্রাম। | - | ০ | ১ | ৫ | ৬ |
| ৪০. | খুলনা যাস বিভাগ এর আওতাধীন যশোর দপ্তর। খুলনা যাস বিভাগ, বাপাউবো, খুলনা। | - | ০ | ১ | ৫ | ৬ |
| ৪১. | খুলনা যাস বিভাগ এর আওতাধীন খুলনা দপ্তর। খুলনা যাস বিভাগ, বাপাউবো, খুলনা। | - | ০ | ১ | ৫ | ৬ |
| ৪২. | গোপালগঞ্জ পানি উন্নয়ন বিভাগীয় দপ্তর ও পরিদর্শন বাংলো এবং টুঙ্গিপাড়া উপ-বিভাগীয় দপ্তর ও পরিদর্শন বাংলো। গোপালগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, গোপালগঞ্জ। | - | ০ | ১ | ১৫ | ১৬ |
| ৪৩. | কক্সবাজার পানি উন্নয়ন বিভাগীয় অফিস কম্পাউন্ড। কক্সবাজার পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, কক্সবাজার। | - | ০ | ১ | ৯ | ১০ |
| ৪৪. | ভোলা পানি উন্নয়ন বিভাগ-২ এর অফিস কম্পাউন্ড এবং মনপুরা পওর উপ-বিভাগীয় দপ্তর। ভোলা পানি উন্নয়ন বিভাগ-২, বাপাউবো, ভোলা। | - | ০ | ১ | ৯ | ১০ |
| ৪৫. | নাটোর পানি উন্নয়ন বিভাগীয় দপ্তর। নাটোর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, নাটোর। | - | ০ | ১ | ৬ | ৭ |
| ৪৬. | খুলনা পানি উন্নয়ন বিভাগ-২ এর দপ্তর। খুলনা পানি উন্নয়ন বিভাগ-২, বাপাউবো, খুলনা। | - | ০ | ১ | ৫ | ৬ |
| ৪৭. | কুড়িগ্রাম বাপাউবো অফিস কম্পাউন্ড ও পরিদর্শন বাংলো। কুড়িগ্রাম পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, কুড়িগ্রাম। | - | ০ | ১ | ১০ | ১১ |
| ৪৮. | শিমরাইল পানি বিজ্ঞান উপ-বিভাগীয় অফিস , কম্পাউন্ড ও ওয়ার্কশপ। নির্মান ও যন্ত্রায়ন বিভাগ, বাপাউবো, ঢাকা। | - | ০ | ১ | ৫ | ৬ |
| ৪৯. | ব্রাহ্মণবাড়িয়া বাপাউবো অফিস কম্পাউন্ড এবং পরিদর্শন বাংলো। ব্রাহ্মণবাড়িয়া পানি উন্নয়ন বিভাগ, ব্রাহ্মণবাড়িয়া। | - | ০ | ১ | ৫ | ৬ |
| ৫০. | ভোলা সদরস্থ বাপাউবো অফিস কম্পাউন্ড ও পরিদর্শন বাংলো এবং বোরহান উদ্দিন পওর উপ-বিভাগীয় দপ্তর। ভোলা পানি উন্নয়ন বিভাগ-১, বাপাউবো, ভোলা। | - | ১ | ০ | ১৮ | ১৯ |
| ৫১. | চুয়াডাঙ্গা বাপাউবো অফিস কম্পাউন্ড ও পরিদর্শন বাংলো, চুয়াডাঙ্গা পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, চুয়াডাঙ্গা। | - | ০ | ১ | ৯ | ১০ |
| ৫২. | মেঘনা-ধনাগোদা পানি উন্নয়ন বিভাগীয় দপ্তর। মেঘনা-ধনাগোদা,পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, চাঁদপুর। | - | ০ | ১ | ১১ | ১২ |
| ৫৩. | টঙ্গী যান্ত্রিক উপ-বিভাগীয় দপ্তর, টঙ্গী, গাজীপুর । ঢাকা যান্ত্রিক পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, তেজগাঁও, ঢাকা। | - | ০ | ১ | ৬ | ৭ |
| ৫৪. | সুনামগঞ্জ পানি উন্নয়ন বিভাগ-১ এর দপ্তর। সুনামগঞ্জ পানি উন্নয়ন বিভাগ-১, বাপাউবো, সুনামগঞ্জ । | - | ০ | ১ | ৭ | ৮ |

| ক্রঃ নং | ঘোষিত কেপিআই ও অন্যান্য গুরুত্বপূর্ণ স্থাপনার নাম/ দপ্তরের নাম | কেপি আই শ্রেণী | ২০২৬-২৭ অর্থ বছরের জন্য অনুমোদিত আনসারের সংখ্যা | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | পিসি | এপিসি | আনসার | মোট |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ৫৫. | সৈয়দপুর পানি উন্নয়ন বিভাগীয় দপ্তর ও পরিদর্শন বাংলো, বাঙ্গালীপুরস্থ বাপাউবো'র স্থাপনা সমূহ এবং পার্বতীপুর পানি উন্নয়ন উপ-বিভাগীয় দপ্তর।<br>সৈয়দপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, সৈয়দপুর, নীলফামারী। | - | ১ | ০ | ১৮ | ১৯ |
| ৫৬. | মানিকগঞ্জ পানি উন্নয়ন বিভাগীয় অফিস কম্পাউন্ড এবং পরিদর্শন বাংলো।<br>মানিকগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মানিকগঞ্জ। | - | ০ | ১ | ১২ | ১৩ |
| ৫৭. | ঝিনাইদহ পানি উন্নয়ন বিভাগীয় অফিস কম্পাউন্ড , এবং পরিদর্শন বাংলো।<br>ঝিনাইদহ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, ঝিনাইদহ। | - | ১ | ০ | ১৮ | ১৯ |
| ৫৮. | নীলফামারী পানি উন্নয়ন বিভাগীয় দপ্তর, পরিদর্শন বাংলো ও<br>জলঢাকা পানি উন্নয়ন উপ-বিভাগীয় দপ্তর ।<br>নীলফামারী পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, নীলফামারী। | - | ০ | ১ | ১২ | ১৩ |
| ৫৯. | পিরোজপুর পানি উন্নয়ন বিভাগীয় দপ্তর।<br>পিরোজপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, পিরোজপুর। | - | ০ | ১ | ৫ | ৬ |
| ৬০. | জয়পুরহাট পানি উন্নয়ন বিভাগীয় দপ্তর।<br>জয়পুরহাট পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, জয়পুরহাট। | - | ০ | ১ | ৬ | ৭ |
| ৬১. | রাজবাড়ী পানি উন্নয়ন বিভাগীয় দপ্তর, সদর পানি উন্নয়ন উপ-বিভাগীয় দপ্তর, পাংশা পানি উন্নয়ন উপ-বিভাগীয় দপ্তর এবং বালিয়াকান্দি পানি উন্নয়ন উপ-বিভাগীয় দপ্তর।<br>রাজবাড়ী পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, রাজবাড়ী। | - | ০ | ১ | ১১ | ১২ |
| ৬২. | জকিগঞ্জ পানি উন্নয়ন উপ-বিভাগাধীন রহিমপুর পাম্প হাউজ।<br>সিলেট পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, সিলেট। | - | ০ | ১ | ৮ | ৯ |
| ৬৩. | বাগেরহাট পানি উন্নয়ন বিভাগীয় দপ্তর।<br>বাগেরহাট পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, বাগেরহাট। | - | ১ | ০ | ১৫ | ১৬ |
| ৬৪. | বিআইপি দপ্তর ও কলোনী।<br>বরিশাল পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, বরিশাল। | - | ০ | ১ | ৮ | ৯ |
| ৬৫. | সাগরদি দপ্তর ও কলোনী।<br>বরিশাল পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, বরিশাল। | - | ০ | ১ | ৮ | ৯ |
| ৬৬. | বগুড়া যাস বিভাগ, বাপাউবো, বগুড়া। | - | ০ | ১ | ১০ | ১১ |
| ৬৭. | ভেড়ামারা যান্ত্রিক বিভাগ, ভেড়ামারা, কুষ্টিয়া। | - | ০ | ১ | ৬ | ৭ |
| ৬৮. | হবিগঞ্জ পানি উন্নয়ন বিভাগাধীন দপ্তর ও কলোনী।<br>হবিগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, হবিগঞ্জ। | - | ০ | ১ | ৬ | ৭ |
| ৬৯. | আনন্দপুর আবাসিক কলোনী।<br>হবিগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, হবিগঞ্জ। | - | ০ | ১ | ৬ | ৭ |
| ৭০. | পটুয়াখালী পানি উন্নয়ন বিভাগীয় দপ্তর।<br>পটুয়াখালী পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, পটুয়াখালী। | - | ০ | ১ | ৮ | ৯ |
| ৭১. | পটুয়াখালী পানি উন্নয়ন বিভাগীয় দপ্তর, কলাপাড়া।<br>পটুয়াখালী পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, পটুয়াখালী। | - | ০ | ১ | ৫ | ৬ |
| ৭২. | ধানসিড়ি পরিদর্শন বাংলো।<br>পটুয়াখালী পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, কুয়াকাটা, পটুয়াখালী। | - | ০ | ১ | ৫ | ৬ |
| ৭৩. | বগুড়া পানি উন্নয়ন বিভাগীয় দপ্তর।<br>বগুড়া পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, বগুড়া। | - | ০ | ১ | ১২ | ১৩ |
| ৭৪. | শেরপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, শেরপুর। | - | ০ | ১ | ৫ | ৬ |

| ক্রঃ নং | ঘোষিত কেপিআই ও অন্যান্য গুরুত্বপূর্ণ স্থাপনার নাম/ দপ্তরের নাম | কেপি আই শ্রেণী | ২০২৬-২৭ অর্থ বছরের জন্য অনুমোদিত আনসারের সংখ্যা | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | পিসি | এপিসি | আনসার | মোট |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ৭৫. | সুন্দলপুর সেচ প্রকল্প পাম্প।<br>কুমিল্লা পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, কুমিল্লা। | - | ০ | ১ | ৭ | ৮ |
| ৭৬. | মুন্সীগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মুন্সীগঞ্জ। | - | ০ | ১ | ৫ | ৬ |
| ৭৭. | দিনাজপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, দিনাজপুর। | - | ০ | ১ | ৯ | ১০ |
| ৭৮. | নারায়ণগঞ্জ পানি উন্নয়ন উপবিভাগীয় দপ্তর ও শিমরাইলস্থ ডি এন ডি কলোনি।<br>নারায়নগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, নারায়নগঞ্জ । | - | ০ | ১ | ৫ | ৬ |
| ৭৯. | ঠাকুরগাঁও, বুড়িবাঁধ সেচ প্রকল্প, বাপাউবো, ঠাকুরগাও। | - | ০ | ১ | ৫ | ৬ |
| ৮০. | চট্টগ্রাম ড্রেজার অপারেশন বিভাগ, বাপাউবো, চট্টগ্রাম। | - | ০ | ১ | ৫ | ৬ |
| ৮১. | নওগাঁ পানি উন্নয়ন বিভাগাধীন দপ্তর ও কলোনি।<br>নওগাঁ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, নওগাঁ। | - | ০ | ১ | ৫ | ৬ |
| ৮২. | মাগুরা পানি উন্নয়ন বিভাগাধীন দপ্তর ও কলোনি।<br>মাগুরা পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মাগুরা । | - | ০ | ১ | ৯ | ১০ |
| ৮৩. | মাদারীপুর পানি উন্নয়ন বিভাগাধীন দপ্তর ও কলোনি।<br>মাদারীপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মাদারীপুর । | - | ০ | ১ | ৫ | ৬ |
| ৮৪. | বরগুনা পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, বরগুনা। | | ০ | ১ | ৯ | ১০ |
| ৮৫. | চাঁপাইনবাবগঞ্জ পানি উন্নয়ন বিভাগাধীন রাবার ড্যাম।<br>নবাবগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, চাঁপাইনবাবগঞ্জ। | - | ০ | ১ | ৯ | ১০ |
| ৮৬. | রাজশাহীর শহর রক্ষাবাঁধ প্রকল্পের আওতাধীন স্থাপনা।<br>রাজশাহী পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, রাজশাহী। | - | ০ | ১ | ৯ | ১০ |
| | মোট | | ১১ | ৭৫ | ৭৩৭ | ৮২৩ |

**০২। শর্তাবলীঃ**

(ক) ২০২৬-২৭ অর্থবছরে উপর্যুক্ত সংখ্যক আনসার অঙ্গীভূতকরণের (Embodiment) মেয়াদ স্ব-স্ব কর্মক্ষেত্রে/দপ্তরে অঙ্গীভূতকরণের তারিখ হতে আগামী ৩০-০৬-২০২৭ খ্রি. পর্যন্ত বহাল থাকবে। তবে, বোর্ড যে কোন সময় এ আদেশ বাতিল করতে পারবে।

(খ) সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সংশ্লিষ্ট জেলা অ্যাডজুট্যান্ট এর সাথে যোগাযোগ করতঃ বাস্তবতার নিরিখে বর্তমান প্রয়োজনীয়তা বিবেচনায় এ দপ্তরাদেশের সর্বোচ্চ উল্লিখিত অনুমোদিত সংখ্যক আনসার অঙ্গীভূতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(গ) বর্ণিত পিসি/এপিসি/আনসারগণ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং- ৪৪.০০.০০০০.১১৫.২১.০০১.৯৯-২৩৬; তারিখঃ ০৪/০৮/২০২২ খ্রি. এবং স্মারক নং- ৪৪.০০.০০০০.১১৫.২১.০০১.৯৯-১০৭; তারিখ: ১২/০৬/২০২৩ খ্রি. মোতাবেক দৈনিক ভাতা এবং উৎসব ভাতা প্রাপ্য হবেন (কপি সংযুক্ত)।

(ঘ) আনসার অঙ্গীভূতকরণের (Embodiment) ক্ষেত্রে ২০২৬-২৭ অর্থবছরে বোর্ড হতে সংশ্লিষ্ট দপ্তরের অনুকূলে অনুন্নয়ন রাজস্ব বাজেটের "নিরাপত্তা সেবা সংগ্রহ (আনসার)" (অর্থনৈতিক কোড নং-৩২৫৩১০৩) খাতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ আনসার অঙ্গীভূতকরণের ব্যবস্থা গ্রহণ করবেন।

(ঙ) বেতন-ভাতাদি পরিশোধের ক্ষেত্রে কোন ব্যত্যয় হলে সংশ্লিষ্ট পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

(চ) এই দপ্তরাদেশের মাধ্যমে নিয়োজিত/পুনঃনিয়োজিত/অঙ্গীভূত (Embodiment) পিসি, এপিসি ও আনসার এর সংখ্যা আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা এর স্মারক নং- ৪৪.০৩.০০০০.০৪৪.১০.০৯৯.১৮-০০৩৭; তারিখ- ০৮/০১/২০১৮ খ্রিঃ মোতাবেক জারিকৃত সাধারণ আনসার, পিসি ও এপিসি অঙ্গীভূতকরণ ও অ-অঙ্গীভূতকরণ

নীতিমালা-২০১৭ এর আনসার অঙ্গীভূতকরণ: ১ম অংশের অনুচ্ছেদ ১০ ও ১১ এর নির্দেশনা অনুযায়ী নির্ধারণ করা হয়েছে।

(ছ) বোর্ডের সার্বিক নিরাপত্তার জন্য অনুমোদনপ্রাপ্ত মোট আনসার সদস্যের সংখ্যা সমন্বয়ের নিমিত্ত এই দপ্তরাদেশের মাধ্যমে আনসার নিয়োজিত/পুনঃনিয়োজিত/অঙ্গীভূত করতঃ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সংশ্লিষ্ট জেলা অ্যাডজুট্যান্ট এর অনুমোদনের কপি আবশ্যিকভাবে আগামী ৩১-০৮-২০২৬ খ্রিঃ এর মধ্যে মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তরে প্রেরণ করতে হবে।

(জ) পরবর্তী অর্থবছরে আনসার অঙ্গীভূতকরণের লক্ষ্যে স্ব-স্ব প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলীগণ তার অধীনস্থ দপ্তর সমূহের চাহিদাপত্র সমন্বিত আকারে আবশ্যিকভাবে ৩১-০৫-২০২৭ খ্রি. তারিখের মধ্যে অত্র দপ্তরে প্রেরণ নিশ্চিত করবেন।

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

২৫/৬/২৬

**(আরিফউজ্জামান খান)**
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)
মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর,
বাপাউবো, ঢাকা।

স্মারক নং- ৪২.০১.০০০০.০৩০.৪০.০০১.২৬-৬৭৬/১(১০০);

তারিখঃ ১১ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ। / ২৫ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ।

**সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী/ প্রধান, ..............................................................................

২। নিয়ন্ত্রক (অর্থ, হিসাব ও নিরীক্ষা), বাপাউবো, ঢাকা।

৩। পরিচালক, অর্থ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা **(সংশ্লিষ্ট দপ্তরের অনুকূলে উল্লেখিত উপ-খাতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)**।

৪। পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক/অতিরিক্ত পরিচালক/অধ্যক্ষ.........................................

৫। নির্বাহী প্রকৌশলী.........................................................................................................................

৬। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।

৭। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা **(দপ্তরাদেশটি বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)**।

৮। উপপরিচালক/হিসাব রক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ..................................................।

৯। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পশ্চিম রিজিয়ন/পূর্ব রিজিয়ন/পরিকল্পনা), বাপাউবো, ঢাকা।

২৫/০৬/২০২৬

**(আবু নাসের মোঃ কাসেম)**
নির্বাহী প্রকৌশলী (পুর) (নিয়োগ ও পরীক্ষা)
মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর,
বাপাউবো, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
জননিরাপত্তা বিভাগ
আনসার শাখা-২
www.mhapsd.gov.bd

স্মারক নং-৪৪.০০.০০০০.১১৫.২১.০০১.৯৯- ২৬৬

তারিখ: ২০, শ্রাবণ ১৪২৯
০৪, আগস্ট ২০২২

প্রাপক : চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়, এজিবি ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

**বিষয় : অঙ্গীভূত আনসার সদস্যদের বেতন-ভাতাদি বৃদ্ধিকরণ।**

মহোদয়,

নির্দেশিত হয়ে অঙ্গীভূত আনসার সদস্যদের অন্যান্য ভাতা (চিকিৎসা, যাতায়াত, ধোলাই ও উৎসব ভাতা) অপরিবর্তিত রেখে দৈনিক/খোরাকী ভাতা এবং রেশন ভাতা নিম্নবর্ণিত হারে বৃদ্ধিকরণে মঞ্জুরী জ্ঞাপন করছি :

| ক্রঃ নং | কোড ও বিবরণ | পিসি (সমতল) | এপিসি (সমতল) | আনসার (সমতল) | পিসি (পার্বত্য) | এপিসি (পার্বত্য) | আনসার (পার্বত্য) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১. | ৩১১১৩০৩ দৈনিক/খোরাকী ভাতা | ৪৬০/- | ৪৩৫/- | ৪১০/- | ৫০০/- | ৪৭৫/- | ৪৫০/- | উৎসব ভাতা ৩০ (ত্রিশ) দিনের দৈনিক ভাতা অথবা ১০,০০০/- (দশ হাজার) টাকা যা কম হয় সে হারে বছরে ২টি উৎসব ভাতা প্রাপ্য হবেন (অপরিবর্তিত) |
| ০২. | ৩১১১৩২০-রেশন ভাতা | ১০০/- | ১০০/- | ১০০/- | ১০০/- | ১০০/- | ১০০/- | |
| ০৩. | ৩১১১৩১১১-চিকিৎসা ভাতা | ২২/- | ২২/- | ২২/- | ২২/- | ২২/- | ২২/- | |
| ০৪. | ৩১১১৩০২-যাতায়াত ভাতা | ৫/- | ৫/- | ৫/- | ৫/- | ৫/- | ৫/- | |
| ০৫. | ৩১১১৩১৬-ধোলাই ভাতা | ৩/- | ৩/- | ৩/- | ৩/- | ৩/- | ৩/- | |
| | সর্বমোট দৈনিক ভাতা- | ৫৯০/- | ৫৬৫/- | ৫৪০/- | ৬৩০/- | ৬০৫/- | ৫৮০/- | |

শর্তাবলী:

(ক) নিজস্ব Resource Ceiling এর মধ্যে এ ব্যয় নির্বাহ করতে হবে। এ বাবদ অতিরিক্ত বরাদ্দ দাবি করা যাবে না;
(খ) এ ব্যয়ের ক্ষেত্রে যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
(গ) এ বিষয়ে কোনরূপ আর্থিক অনিয়ম পরিলক্ষিত হলে বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ি থাকবে;
(ঘ) জিও জারির তারিখ হতে উল্লিখিত ভাতার হার কার্যকর হবে;
(ঙ) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ৯/০১/২০২২ তারিখের নং-০৭.০০.০০০০.১৭৩.২২.০৫৬.১৫(অংশ-১)-০৪ স্মারকে প্রদত্ত শর্তাবলি প্রতিপালন সাপেক্ষে এ আদেশ জারি করা হলো। একই সাথে জননিরাপত্তা বিভাগ হতে ২৫/০১/২০২২ তারিখের ৪৪.০৩.০০০০.১১৫.২১.০০১.৯৯-১২২ নং স্মারকে জারিকৃত আদেশ বাতিল করা হলো; এবং
(চ) এতে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ২১/০৭/২০২২ তারিখের নং-০৭.০০.০০০০.১৭৩.২২.০৫৬.১৫(অংশ-১)-৮১ স্মারকে সম্মতি রয়েছে।

আপনার একান্ত,

(নাহিদা বারিক)
সিনিয়র সহকারী সচিব
ফোন : +৮৮০-২২৩৩৫৪৫০৯
ই-মেইল : ansar2@mhapsd.gov.bd

চলমান পতা নং-০২

স্মারক নং-৪৪.০০.০০০০.১১৫.২১.০০১.৯৯-২৩৬ তারিখ: ২০ শ্রাবণ ১৪২৯ / ০৪ আগস্ট ২০২২

অবগতি ও উল্লিখিত সরকারি আদেশ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-কে পৃষ্ঠাংকনসহ জ্ঞাত করার জন্য অর্থ বিভাগের উপসচিব, প্রবিধি-৩ অধিশাখা এর নিকট প্রেরণ করা হলো।

Dalid 04/08/22
(নাহিদা বারিক)
সিনিয়র সহকারী সচিব

স্মারক নং- ০৭.০০.০০০০.১৭৩.২২.০৫৬.১৫(অংশ-৭)-৮৭ তারিখ: ০৮/০৮/2022 খ্রি.

<u>অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
৩. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, এজিবি কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।

০৮/০৮/2022
মোহাম্মদ মনিরুজ্জামান
উপসচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবিধি-৩ অধিশাখা
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

স্মারক নং-৪৪.০০.০০০০.১১৫.২১.০০১.৯৯- তারিখ: শ্রাবণ ১৪২৯ / আগস্ট ২০২২

<u>অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপুলিশ পরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
৩. মহাপরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৫. সিনিয়র সচিবের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. সহকারী প্রোগ্রামার, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (আদেশটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।

Dalid 10/08/22
(নাহিদা বারিক)
সিনিয়র সহকারী সচিব

সিনিয়র সহকারী সচিব
আনসার শাখা-২
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
আনসার শাখা-২
www.mhapsd.gov.bd

স্মারক নং-৪৪.০০.০০০০.১১৫.২১.০০১.১৯-১০৭

প্রাপক: চিফ এ্যাকাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়, এজিবি ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

বিষয় : অঙ্গীভূত পিসি/এপিসি/অঙ্গীভূত আনসার সদস্যদের বিদ্যমান উৎসব ভাতা পুন:নির্ধারণ।

মহোদয়,

নির্দেশিত হয়ে জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর অঙ্গীভূত পিসি/এপিসি/অঙ্গীভূত আনসার সদস্যগণের (সমতল ও পার্বত্য এলাকা) বিদ্যমান উৎসব ভাতা ১০,০০০/- (দশ হাজার) টাকার স্থলে ৩০(ত্রিশ) দিনের দৈনিক ভাতা অথবা ১২,০০০/- (বার হাজার) টাকা যা কম হয় সে হারে বছরে ০২(দুই)টি উৎসব ভাতা প্রদানে নিম্নবর্ণিত শর্তে পুন:নির্ধারণের মঞ্জুরি জ্ঞাপন করছি:

শর্তাবলী:

(ক) নিজস্ব Resource Ceiling এর মধ্যে এ ব্যয় নির্বাহ করতে হবে, এ বাবদ অতিরিক্ত বরাদ্দ দাবি করা যাবে না;
(খ) বিল পরিশোধের ক্ষেত্রে যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
(গ) এ বিষয়ে কোন আর্থিক অনিয়ম পরিলক্ষিত হলে বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ি থাকবে;
(ঘ) জি.ও জারির তারিখ হতে উল্লিখিত ভাতা পুনঃ নির্ধারিত হার কার্যকর হবে; এবং
(ঙ) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ২৫.০৫.২০২৩ তারিখের ০৭.০০.০০০০.১৭৩.২২.০৫৬.১৫(অংশ-১)-৫৪ নং স্মারকপত্রের সম্মতির আলোকে এ আদেশ জারি করা হলো।

আপনার একান্ত,
(স্বাক্ষরিত) ২১/০৬/২৩
(জোসেফা ইয়াসমিন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: +৮৮০-২২৩৩৫৪৫০৯
ই-মেইল : ansar2@mhapsd.gov.bd

তারিখ: ২৯ জ্যৈষ্ঠ ১৪৩০ / ১২ জুন ২০২৩

স্মারক নং-৪৪.০০.০০০০.১১৫.২১.০০১.১৯-১০৭

প্রবর্তিত ও উল্লিখিত সরকারি আদেশ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-কে পৃষ্ঠাংকনসহ জ্ঞাত করার জন্য অর্থ বিভাগের উপসচিব, প্রবিধি-৩ অধিশাখা এর নিকট প্রেরণ করা হলো।

(স্বাক্ষরিত) ২১/০৬/২৩
(জোসেফা ইয়াসমিন)
সিনিয়র সহকারী সচিব

স্মারক নং- ০৭.০০.০০০০.১৭৩.২২.০৫৬.১৫ (অংশ-১)-[illegible] তারিখ: ২৭/০৬/২০২৩

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
৩. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, এজিবি কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।

(স্বাক্ষরিত)
প্রবিধি-৩ অধিশাখা
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
www.ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০৪৪.১০.০৯৯.১৮-০০৩৭ তারিখ ঃ ০৮/০১/২০১৮ খ্রিঃ

প্রতি ঃ ১। পরিচালক
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
ঢাকা/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/রংপুর/রাজশাহী/ময়মনসিংহ/সিলেট/কুমিল্লা রেঞ্জ।

২। পরিচালক
ঢাকা/চট্টগ্রাম মহানগর আনসার
ঢাকা/চট্টগ্রাম।

৩। জেলা কমান্ড্যান্ট (সকল)
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
..........................................

৪। জোন অধিনায়ক (সকল)
....................... মহানগর আনসার
.......................................... ।

বিষয় ঃ **সাধারন আনসার, এপিসি ও পিসি অঙ্গীভূতকরণ এবং অ-অঙ্গীভূতকরণ নীতিমালা - ২০১৭ প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র ঃ ০৮/০১/২০১৮ খ্রিঃ তারিখের স্বাক্ষরিত নীতিমালা-২০১৭।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্র মোতাবেক সাধারন আনসার, এপিসি ও পিসি অঙ্গীভূতকরণ এবং অ-অঙ্গীভূতকরণ নীতিমালা -২০১৭ যথাযথ অনুসরণের জন্য এতদ্‌সংগে সংযুক্ত করে প্রেরণ করা হলো।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পত্র জারী করা হলো।

সংযুক্ত : নীতিমালা -২০১৭ -১৬ (ষোলো) পাতা।

মোঃ শাহবুদ্দিন
পরিচালক (অঙ্গীভূতকরণ)
ফোন-৫৫১২০৫৯৩

স্মারক নং-৪৪.০৩.০০০০.০৪৪.১০.০৯৯.১৮-০০৩৭ তারিখ ঃ ০৮/০১/২০১৮ খ্রিঃ

অনুলিপি ঃ

| | |
|---|---|
| ১. মহাপরিচালক মহোদয়ের সচিবালয়<br>আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, খিলগাঁও, ঢাকা। | সদয় অবগতির জন্য। |
| ২. অতিরিক্ত মহাপরিচালক<br>আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, খিলগাঁও, ঢাকা। | " |
| ৩. উপ-মহাপরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ/অপারেশন্‌স)<br>আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, খিলগাঁও, ঢাকা। | " |
| ৪. উপ-মহাপরিচালক , আনসার-ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। | " |

| | | |
|---|---|---|
| ৫. | ব্যাটালিয়ন অধিনায়ক (সকল)<br>...........আনসার ব্যাটালিয়ন ................................. | অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ৬. | অধিনায়ক, ভিটিসি/টিটিসি (সকল) ........................................ | " |
| ৭. | আইসিটি শাখা, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, খিলগাঁও, ঢাকা। | আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ওয়েব সাইটে এই চিঠি প্রকাশের জন্য বলা হলো। |
| ৮. | অফিস কপি/মাষ্টার কপি। | সংরক্ষনের জন্য। |

পরিচালক (অঙ্গীভূতকরণ)

# ১ম অংশ ঃ আনসার অঙ্গীভূতকরণ

১। **ভূমিকাঃ-** বাংলাদেশ আনসার ও ভিডিপি দেশের তৃণমূল পর্যন্ত বিস্তৃত সর্ববৃহৎ শৃঙ্খলা বাহিনী। জননিরাপত্তা ও আর্থসামাজিক উন্নয়নে ভূমিকা রাখার প্রত্যয়ে গড়ে ওঠা বাংলাদেশ আনসার বাহিনী প্রতি বছর প্রায় ৫,০০০ (পাঁচ হাজার) জন তরুণ সদস্য/ সদস্যাদের ৭০ দিন মেয়াদী মৌলিক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সাধারণ আনসার হিসেবে তালিকা ভুক্ত/HRM ডাটাবেজে অন্তর্ভুক্ত করছে। বর্তমানে দেশে প্রায় ৩,৪১,৩৪৪ জন প্রশিক্ষিত আনসার সদস্য (পুরুষ/মহিলা) রয়েছে। যাদের মধ্যে প্রায় ৫০,০০০ জন সদস্য (পুরুষ ও মহিলা) সরকারী/ বেসরকারী প্রায় ৪,০০০ টি সংস্থায় নিরাপত্তা সেবা প্রদানে নিয়োজিত আছে। নিরাপত্তা সেবায় এ সকল অঙ্গীভূত আনসার সদস্যরা কোন সংস্থায় নিরাপত্তা নিশ্চিত করণের মাধ্যমে সরাসরি দেশের অর্থনৈতিক উন্নয়নে ইতিবাচক ভূমিকা পালন করছে ঠিক তেমনিভাবে নিজেদের কর্মে নিয়োজিত করে বেকার সমস্যার সমাধানের মাধ্যমে সামাজিক পরিবেশ সমুন্নত রাখছেন। নিরাপত্তা সেবা প্রত্যাশি সংস্থার আনসার মোতায়েন প্রক্রিয়া অনুমোদন, আনসার পরিচালনা, আগ্নেয়াস্ত্র ব্যবহারের সুনির্দিষ্ট নিয়মকানুন, পরিদর্শন, আর্থিক ও প্রশাসনিক ব্যবস্থাপনা ইত্যাদি সম্পর্কে সমন্বিত নির্দেশনা জারী ও সকলকে অবগত করণের উদ্দেশে এই নীতিমালা/ পুস্তিকা প্রনয়ন করা হল।

২। **<u>শিরোনাম ও প্রবর্তনঃ</u>-** এই নীতিমালা অঙ্গীভূত আনসার গার্ড অনুমোদন, প্রশাসন ও ব্যবস্থাপনা সম্পর্কিত নীতিমালা নামে অভিহিত হবে। জারীর তারিখ হতে এই আদেশ কার্যকর হবে এবং এ সংক্রান্ত পূর্বে জারিকৃত সকল নীতিমালা/ নির্দেশাবলী অতিক্রান্ত হবে।

৩। **<u>উদ্দেশ্যঃ</u>-** যেকোন সরকারী/ বেসরকারী প্রতিষ্ঠান যারা আনসার মোতায়েন করতে ইচ্ছুক/ ইতিমধ্যে আনসার মোতায়েন করেছেন ও আনসার সদস্য পরিচালনার সাথে সংশ্লিষ্ট বাহিনীর কর্মকর্তাদের আনসার মোতায়েন ও পরিচালনা বিষয়ে সুস্পষ্ট ধারণা দেওয়াই এই নীতিমালা/ পুস্তিকা প্রনয়নের উদ্দেশ্য।

### <u>অঙ্গীভূত আনসার মোতায়েন সংশ্লিষ্ঠ যাবতীয় বিধিবিধানসহ তথ্যাবলী</u>

৪। <u>সংজ্ঞা</u>। **নিম্নরুপঃ**

ক। **আইনঃ** আনসার বাহিনী আইন ১৯৯৫ কে বুঝাবে।

খ। **প্রবিধানঃ** আনসার বাহিনী প্রবিধানমালা ১৯৯৬ কে বুঝাবে।

গ। **মহাপরিচালকঃ** আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর মহাপরিচালককে বুঝাবে।

ঘ। **অপারেশনস্ (কেপিআই) শাখাঃ** আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর অপারেশনস্ (কেপিআই) শাখাকে বুঝাবে।

ঙ। **রেঞ্জঃ** আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর মাঠ পর্যায়ের পরিচালকের কার্যালয়কে বুঝাবে।

চ। **বাহিনীঃ** বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীকে বুঝাবে।

ছ। **সাধারন আনসার ঃ** বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী কর্তৃক প্রতিটি উপজেলায় ১টি আনসার কোম্পানী পুরুষ এবং ১টি প্লাটুন মহিলা আনসার, প্রতিটি ইউনিয়নে ১টি আনসার প্লাটুন তালিকাভূক্ত আছে। এই কোম্পানী ও প্লাটুনভূক্ত সকল সদস্যকে সাধারণ আনসার নামে অভিহিত করা হয়।

জ। **অঙ্গীভূত আনসার ঃ** 'মৌলিক প্রশিক্ষণ' গ্রহণকারী স্মার্ট কার্ডধারী সাধারন আনসার সদস্যকে যখন বিভিন্ন সরকারী, বেসরকারী ও স্বায়ত্বশাসিত সংস্থায় নিরাপত্তাসহ সুনির্দিষ্ট দায়িত্ব পালন করার নিমিত্তে একটি নির্দিষ্ট মেয়াদের জন্য অঙ্গীভূত করা হয় তখন তাকে অঙ্গীভূত আনসার নামে অভিহিত করা হয়।

ঝ। **কর্তৃপক্ষঃ** আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর প্রশাসনিক ইউনিট প্রধানকে বুঝাবে।

ঞ। **প্রাথমিক তদন্তকারী কর্মকর্তাঃ** যে থানা/উপজেলায় প্রত্যাশী সংস্থা বা প্রতিষ্ঠান অবস্থিত সে উপজেলা/থানার আনসার ও ভিডিপি কর্মকর্তাকে বুঝাবে।

ট। **প্রত্যাশী সংস্থা ঃ-** নিরাপত্তা সেবা গ্রহণে আগ্রহী আবেদনকারী সংস্থা বা প্রতিষ্ঠানকে বুঝাবে।

ঠ। **সংস্থা বা প্রতিষ্ঠানঃ** বাংলাদেশ সরকার কতৃক স্বীকৃত কিংবা বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত নিয়ন্ত্রক প্রতিষ্ঠানের অধীনে নিবন্ধিত সংস্থা বা প্রতিষ্ঠানকে বুঝাবে।

গ। অস্ত্রাগারের পাশের কোন প্রশস্ত দেয়ালে প্রদর্শনযোগ্যভাবে হাতে আঁকা বা ডিজিটাল ব্যানারে তৈরী দায়িত্বপূর্ণ এলাকার একটি চক্ষু নক্সা স্থাপন করবে।

ঘ। প্রয়োজনীয় সংখ্যক সেন্ট্রি পোস্ট স্থাপন করবে।

ঙ। সম্ভব হলে এক বা একাধিক ওয়াচ টাওয়ার স্থাপন করবে।

চ। দায়িত্বপূর্ণ এলাকার সীমানা দৃশ্যমান রাখার জন্য প্রয়োজনীয় সংখ্যক উজ্জ্বল বৈদ্যুতিক বাতি স্থাপন করবে।

ছ। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কর্তৃপক্ষের সুপারিশকৃত স্থানে ফায়ার ফাইটিং যন্ত্রপাতি স্থাপন করবে।

৯। **অঙ্গীভূত আনসার ক্যাম্পের রেজিষ্টার/দলিল-পত্রের তালিকাঃ- নিম্নরুপঃ**

ক। নামীয় তালিকা-আনসার।

খ। অস্ত্র-গোলাবারুদের তালিকা।

গ। ডিউটি বন্টন রেজিষ্টার।

ঘ। ছুটির রেজিষ্টার-আনসার।

ঙ। মাসিক পরিদর্শন প্রতিবেদন।

চ। জরুরী টেলিফোন/মোবাইল নম্বর।

ছ। ঘটনা/দূর্ঘটনা (চুরি, আগুন, ডাকাতি ইত্যাদি) প্রতিবেদন।

জ। পরিদর্শন রেজিষ্টার।

ঝ। অভিযোগ/সুপারিশ রেজিষ্টার।

ঞ। ইন/আউট রেজিষ্টার।

ট। সংস্থা/প্রতিষ্ঠান নির্দেশিত রেজিষ্টার (যেমনঃ ভিজিটর রেজিষ্টার, গেট পাশ রেজিষ্টার, স্টাফ ইন/আউট রেজিষ্টার, গাড়ী ইন/আউট রেজিষ্টার, নমুনা স্বাক্ষর, ফায়ার ফাইটিং রেজিষ্টার ইত্যাদি)।

১০। **একটি ক্যাম্প/ সংস্থায় অঙ্গীভূত আনসারের ন্যূনতম সংখ্যা।**

একটি ক্যাম্প/ সংস্থায় অঙ্গীভূত আনসার নিয়োগের ক্ষেত্রে ন্যূনতম জনবল নিম্নরুপ হবে।

ক। সশস্ত্র ন্যূনতম ১০ জন।

খ। নিরস্ত্র ন্যূনতম ০৬ জন।

গ। লধ্বে সশস্ত্র/ নিরস্ত্র ন্যূনতম ০৪ জন।

ঘ। যেসকল সংস্থার সাথে সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়েছে/ হবে সেসকল সংস্থার ক্ষেত্রে সমঝোতা স্মারকের শর্তানুযায়ী নির্দিষ্ট সংখ্যক জনবল সশস্ত্র/নিরস্ত্র মোতায়েন করতে হবে।

ঙ। বিশেষ বিবেচনায় মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে উল্লেখিত সংখ্যার কমবেশী হতে পারে।

১১। **একটি অঙ্গীভূত আনসার ক্যাম্প মোতায়েন সংগঠন (ক্যাম্প ফরমেশন)।**

ক। ৬-১৫ সংখ্যক সদস্য সম্পন্ন একটি ক্যাম্পের দায়িত্ব থাকবেন একজন এপিসি।

খ। ১৬-৩০ সংখ্যক সদস্য সম্পন্ন একটি ক্যাম্পের দায়িত্বে থাকবেন একজন পিসি।

গ। ৩১-৬০ সংখ্যা সম্পন্ন ক্যাম্পের দায়িত্বে থাকবেন দুইজন পিসি ও দুইজন এপিসি এবং জেলা কমান্ড্যান্ট এই দুইজন পিসির মধ্যে থেকে ক্যাম্প ইনচার্জ নির্ধারন করবেন। ক্যাম্প ইনচার্জগণ ৩ মাস পর পর আবর্তিত হবেন।

ঘ। ৬১-৭৫ সংখ্যা সম্পন্ন ক্যাম্পের দায়িত্বে থাকবেন দুইজন পিসি ও তিনজন এপিসি এবং জেলা কমান্ড্যান্ট এই দুইজন পিসির মধ্যে থেকে ক্যাম্প ইনচার্জ নির্ধারন করবেন। ক্যাম্প ইনচার্জগণ ৩ মাস পর পর আবর্তিত হবেন।

ঙ। ৭৬-১০০ সংখ্যা সম্পন্ন ক্যাম্পের দায়িত্বে থাকবেন তিনজন পিসি ও তিনজন এপিসি এবং জেলা কমান্ড্যান্ট পিসিদের মধ্যে থেকে একজন কে ক্যাম্প ইনচার্জ নির্ধারণ করবেন। ক্যাম্প ইনচার্জগণ ৩ মাস পর পর আবর্তিত হবেন।

চ। ১০০ উর্ধ্ব ক্যাম্পে ৩২ এর গুনিতক হিসেবে পিসি এবং একজন কোম্পানী কমান্ডার থাকবেন। জেলা কমান্ড্যান্ট কর্মরত পিসিদের মধ্য হতে অপেক্ষাকৃত শিক্ষিত, চৌকষ ও অভিজ্ঞতা সম্পন্ন পিসিকে কোম্পানী কমান্ডার নিয়োগ করবেন। কোম্পানী কমান্ডার বিশেষ প্রশিক্ষণ প্রাপ্ত হবেন।

১২। **স্বল্পকালীন আনসার গার্ডঃ**

৬ মাসের কম মেয়াদে মোতায়েনকৃত আনসার গার্ড স্বল্পকালীন গার্ড হিসেবে বিবেচিত হবে।

**জনবল বাছাইঃ**

বিভিন্ন সময়ে জাতীয় প্রয়োজনে বিশেষ করে ( বিভিন্ন নির্বাচন, বিশ্ব ইজতেমা, ঈদ-উল আযহা ও ঈদ-উল-ফিতর, বিভিন্ন পূজামন্ডপ, লাঙ্গলবন্দ অষ্টমী স্নান ইত্যাদি সময়ে) উল্লেখযোগ্য সংখ্যক আনসার-ভিডিপি সদস্য মোতায়েন করার প্রয়োজনীয়তা দেখা দিলে আনসার-ভিডিপি সদস্য মোতায়েন করার পূর্বে প্রশিক্ষণপ্রাপ্ত আনসার-ভিডিপি সদস্য বাছাইয়ের নিমিত্তে ব্যাপক প্রচার এবং ক্ষেত্র বিশেষে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে নির্দিষ্ট সময়ে প্রশিক্ষণ সনদ যাচাই পূর্বক জনবল মোতায়েন করতে হবে। বাছাইকৃত সদস্যদের নাম কেন্দ্রিয় ডাটাবেজে থাকতে হবে।

১৩। **আনসার গার্ড নবায়নঃ** প্রত্যাশী সংস্থায় নিয়োজিত অঙ্গীভূত আনসার গার্ড নির্দিষ্ট মেয়াদ শেষে শর্তসাপেক্ষে নবায়ন করতে হবে। সংশ্লিষ্ট রেঞ্জ পরিচালক/পরিচালক মহানগর আনসার এর অনুমোদনক্রমে সংশ্লিষ্ট জেলা/জোন অধিনায়ক নবায়নের কার্যক্রম গ্রহণ করবেন। নবায়ন কার্যক্রম গ্রহণ করার পর সমন্বিত তালিকা সদর দপ্তর অপারেশনস্ (কেপিআই) এবং আইসিটি শাখাকে অবহিত করতে হবে।

১৪। **ব্যক্তিগত স্বার্থে আনসার গার্ড স্থাপনে সীমাবদ্ধতা।**

দেশের অর্থনৈতিক উন্নয়নে সরাসরি ভূমিকা রাখেনা এমন সংস্থা/স্থাপনা কোন ব্যক্তি বিশেষের ব্যক্তিগত বসতবাড়ী, শূন্যভূমি, বিরোধপূর্ণ ভূমি, সীমানা প্রাচীর বিহীন বিস্তীর্ণ এলাকায় আনসার গার্ড স্থাপনের প্রস্তাব অনুমোদন দেয়া যাবে না।